## চিকিৎসার জন্য বিদেশী মুদ্রা বিনিময় মুক্তির পদ্ধতি আরও উদার করা হয়েছে

**৬ই সেপ্টেম্বর, ২০০২**

নাগরিকদের বিদেশে চিকিৎসার জন্য বিনা ঝামেলায় ও সময় নষ্ট না করে বিদেশী মুদ্রা বিনিময় সম্ভব করার লক্ষ্যে, এখন এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে অনুমোদিত ডিলাররা, ডাক্তারের বা হাসপাতালের কাছ থেকে হিসাব চাওয়ার উপর জোর না দিয়েই বিদেশে চিকিত্সার জন্য ৫০,০০০ মার্কিন ডলার অবধি বিদেশী মুদ্রা বিনিময় মুক্ত করতে পারবেন, আবেদনকারীর প্রয়োজনের বিবৃতির ভিত্তিতে, যদি এই বিদেশী মুদ্রা বিনিময় চেক বা আবেদনকারীর একাউন্ট ডেবিট করে করা হয়।

বর্তমান নিয়ন্ত্রণ অনুযায়ী নাগরিকরা বিদেশে চিকিত্সার জন্য ভারতের অনুমোদিত ডিলারদের কাছ থেকে বিদেশী মুদ্রা বিনিময় ক্রয় করতে পারেন ডাক্তার বা হাসপাতালের কাছ থেকে চিকিত্সার সম্ভাব্য খরচের হিসাব দাখিল করে।

রিজার্ভ ব্যাংক নাগরিক দ্বারা বিদেশী মুদ্রা বিনিময় লেনদেনের বর্তমান নিয়্ম ও নিয়ন্ত্রণগুলি পুনর্বিবেচনা করে আসছে এবং পদ্ধতিটি সরল ও উদার করার পক্ষে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। এই অভিমুখে আরও একটি পদক্ষেপ হিসাবে বিদেশী মুদ্রা বিনিময় পদ্ধতি সরল করা হচ্ছে।

অনুমোদিত ডিলারদের জন্য সংশোধিত পদ্ধতির বিশদ নির্দেশিকা প্রকাশ করা হচ্ছে।

**আলপনা কিল্লাওয়ালা**
**জেনারেল ম্যানেজার**

**প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/264**